সংবাদ

তারিখ ২৬ FEB 2018
পৃষ্ঠা ৪ কলাম ২




মধ্যেরচর ঘনবসতি এলাকায় ইসলামী আরবি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা না করার দাবিতে সাধারণ মানুষের মানববন্ধন —সংবাদ

# কেরানীগঞ্জের মধ্যেরচরে ইসলামী আরবি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা না করার দাবি

নিজস্ব বার্তা পরিবেশক

বসতভিটা রক্ষার্থে মানববন্ধন ও বিক্ষোভ মিছিল করেছে কেরানীগঞ্জের মধ্যেরচর এলাকার সাধারণ মানুষ। মধ্যেরচর ঘনবসতি এলাকার ভিতরে ইসলামী আরবি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা না করার দাবি জানান তারা। গতকাল সকালে বছিলা সেতুর ঢালে কয়েকশ মানুষ এই মানববন্ধনে অংশগ্রহণ করে।

মানববন্ধনে অংশ নিয়ে শাক্তা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সালাহ উদ্দিন লিটন বলেন, মধ্যেরচর ও ঘাটারচর মৌজা একটি আবাসিক এলাকা। এখানে ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের মতো প্রতিষ্ঠান তৈরি করলে এলাকাবাসী অনেক ক্ষতিগ্রস্ত হবে এবং যানজটের সৃষ্টি হবে। তিনি এই প্রতিষ্ঠান প্রতিষ্ঠার জন্য কোন বসতভিটা অমানবিকভাবে উচ্ছেদ না করার আহ্বান জানান। একই সঙ্গে তিনি বলেন, এই এলাকার কাছে পিটাচাকা মৌজার এবং ভাওয়াল মৌজার অনেক সরকারি খাস ও পতিত জমি আছে সেখানে স্থাপন করা খুবই যুক্তিসঙ্গত।

শাক্তা ইউনিয়ন পরিষদের মেম্বার মো. হানিফ মিয়া বলেন, বসিলা বুদ্ধিজীবী সেতু সংলগ্ন ঘনবসতিপূর্ণ এলাকায় এমন একটি বিশ্ববিদ্যালয় স্থাপিত হলে এলাকাবাসী অনেক ক্ষতিগ্রস্ত হবে। যা অধিগ্রহণের মূল্যে ক্ষতি পূরণ হবে না। মানববন্ধনে বক্তারা বলেন, কেরানীগঞ্জের মধ্যেরচর এলাকায় প্রায় পাঁচ হাজার লোক বসবাস করে। এই এলাকায় বিশ্ববিদ্যালয় স্থাপন করলে দুর্ঘটনা ও যানযটসহ বিভিন্ন সমস্যার সৃষ্টি হবে। এ ঘনবসতি এলাকা ছাড়াও আরও অনেক পরিত্যক্ত জমি আছে। সে সব জায়গায় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় স্থাপন করা যেতে পারে। আরও বক্তব্য দেন, অ্যাডভোকেট সেলিম রেজা, শফিকুল ইসলামসহ বিভিন্ন বাড়ির মালিকরা।